# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৪১

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - নফল সিয়াম প্রসঙ্গে

بَابُ صِيَامِ التَّطَوُّعِ

আরবী

وَعَن ابْنِ عَبَّاسٍ قَالَ: حِينَ صَامَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ عَاشُورَاءَ وَأَمَرَ بِصِيَامِهِ قَالُوا: يَا رَسُولَ اللَّهِ إِنَّهُ يَوْمٌ يُعَظِّمُهُ الْيَهُودُ وَالنَّصَارَى. فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَئِنْ بَقِيتُ إِلَى قَابِلٍ لأصومن التَّاسِعِ» . رَوَاهُ مُسلم

বাংলা

২০৪১-[৬] ইবনু ’আব্বাস (রাঃ) হতে (এ হাদীসটিও) বর্ণিত হয়েছে। তিনি বলেন, যে সময় রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ’আশূরার দিন সওম রেখেছেন; আর সাহাবীগণকেও রাখার নির্দেশ দিয়েছেন। সাহাবীগণ আরয করেন, হে আল্লাহর রসূল! এদিন তো ঐদিন, যেটি ইয়াহূদী ও খ্রিষ্টানদের নিকট খুবই গুরুত্বপূর্ণ! (আর যেহেতু ইয়াহূদী-খ্রিষ্টানদের আমরা বিরোধিতা করি, তাই আমরা সওম রেখে তো এ দিনের গুরুত্ব প্রদানের ব্যাপারে তাদের সহযোগিতা করছি)। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যদি আমি আগামী বছর জীবিত থাকি, তাহলে অবশ্য অবশ্যই নয় তারিখেও সওম রাখবো। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১১৩৪, ইবনু মাজাহ ১৭৩৬, ইবনু আবী শায়বাহ্ ৯৩৮১, আহমাদ ৩২১৩, সহীহ আল জামি‘ ৫০৬২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অপর বর্ণনায় রয়েছে, যখন আগামী বছর আসবে তখন ৯ম তারিখেও সিয়াম রাখব ইনশাআল্লাহ, কিন্তু আগামী বছর না আসতেই নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইন্তিকাল করেছেন। এর অর্থ হলো, ১০ম তারিখের সাথে নবম তারিখেও সিয়াম রাখব আহলুল কিতাদের (ইয়াহূদী ও নাসারাদের) বিপরীত করার জন্য।

আহমাদের বর্ণনায় অন্যভাবে ইবনু ‘আব্বাস (রাঃ) থেকে বর্ণিত রয়েছে, তোমরা ‘আশূরার সিয়াম পালন কর এবং ইয়াহূদীদের বিপরীত কর (ইয়াহূদীরা শুধু ১০ম তারিখে সিয়াম পালন করত) এবং তার পূর্বে একদিন অথবা তার পরে একদিন সিয়াম পালন কর, অর্থাৎ- ৯ ও ১০ অথবা ১০ ও ১১ তারিখে সিয়াম পালন কর। আর এটাই ছিল নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর শেষ জীবনের নির্দেশ। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিশেষ করে মূর্তিপূজকদের বিরোধিতার ক্ষেত্রে শারী‘আতের নির্দিষ্ট বিধান না আশা পর্যন্ত ইয়াহূদীদের সাথে সমন্বয় রেখে চলাই পছন্দ করতেন। অতঃপর যখন মক্কা বিজয় হলো ইসলামের নির্দেশগুলো ব্যাপকতা লাভ করল, তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আহলে কিতাবদের বিপরীত করাই ভালোবাসতেন। যেমন বিশুদ্ধ হাদীস দ্বারা প্রমাণিত নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমরা মূসা (আঃ)-এর অনুসরণের ব্যাপারে তোমাদের চেয়ে বেশি হকদার, আর আমি তাদের (আহলে কিতাব) বিপরীত করতে ভালোবাসি। অতঃপর বিপরীত করার জন্য ‘আশূরার ১০ম তারিখের আগে-পরে একদিন সিয়াম পালনের নির্দেশ দিলেন। তবে হাদীসের ভাষ্য অনুযায়ী ৯ ও ১০ তারিখ সওম পালনই উত্তম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56601

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন